

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৪৭  
আগরতলা, ১৫ মার্চ, ২০১৯

গোমতী জেলা : ২০ মার্চের মধ্যে  
আগ্নেয়াস্ত্র জমা দিতে নির্দেশ

আগামী ১১ এপ্রিল, ২০১৯ এবং ১৮ এপ্রিল, ২০১৯ ত্রিপুরার দুটি আসনে লোকসভার সাধারণ নির্বাচন, ২০১৯ শান্তিপূর্ণভাবে সংগঠিত করতে গোমতী জেলার লাইসেন্সপ্রাপ্ত সব আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন গোমতী জেলার জেলাশাসক ও সমাহর্তা। এক আদেশবলে আগামী ২০ মার্চ, ২০১৯ তারিখের মধ্যে আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ জমা দেওয়ার আদেশ জারি করা হয়েছে।

আদেশে বলা হয়েছে সরকারি নিরাপত্তারক্ষীদের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। লোকসভা নির্বাচন প্রক্রিয়া শেষ হওয়ার পর আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ রিলিজ করা হবে।

\*\*\*\*\*